HM Government

Help for Households

# আপনার পরিবারের জন্য উপযুক্ত সাহায্য গ্রহণ করুন

**আপনার চাইল্ড কেয়ারের [শিশু যত্ন] ব্যয় নির্বাহে সরকারী সহায়তা আপনাকে একই সাথে আপনার কাজ ও জীবনের মধ্যে সামঞ্জস্য করে চলতে সাহায্য করতে পারে।**



Childcare Choices

## Childcare support for working parents [কর্মজীবী মা-বাবার জন্য শিশু যত্নে] আরও বেশি সহায়তা

3 ও 4 বছর বয়সী শিশুদের জন্য বিদ্যমান অফারের পাশাপাশি, সরকার চাইল্ড কেয়ার সাপোর্টের [শিশু যত্নের সহায়তা] ক্ষেত্র আরো সম্প্রসারিত করছে, যাতে আরও বেশি কর্মজীবী মা-বাবার জন্য এটি সাশ্রয়ী হয় এবং তারা এই সুবিধা গ্রহণ  করতে পারেন।

| এপ্রিল 2024 | সেপ্টেম্বর 2024 | সেপ্টেম্বর 2025 |
|---|---|---|
| ইংল্যান্ডে উপযুক্ত কর্মজীবী পরিবারের জন্য।<br><br>প্রত্যেক মা/বাবা জাতীয় ন্যূনতম মজুরিতে কমপক্ষে সপ্তাহে 16 ঘন্টার সমতুল্য উপার্জন করছেন,<br>কিন্তু সামঞ্জস্য বিধান করে তাঁর বছরে নিট আয়<br>£100,000 এর নিচে। | | |
| **2 বছর বয়সী শিশুদের জন্য 15 hours childcare ঘণ্টা করে প্রতি বছর 38 সপ্তাহের জন্য চাইল্ড কেয়ার (মোট 570 ঘন্টা পর্যন্ত) রয়েছে** | **9 থেকে 23 মাস বয়সী শিশুদের জন্য 15 hours childcare ঘন্টা করে প্রতি বছর 38 সপ্তাহের জন্য চাইল্ড কেয়ার (মোট 570 ঘন্টা পর্যন্ত) রয়েছে** | **9 মাস বয়স থেকে স্কুলে যাওয়ার বয়স পর্যন্ত প্রতি শিশুর জন্য 30 hours childcare ঘণ্টা করে প্রতি বছর 38 সপ্তাহের জন্য চাইল্ড কেয়ার (মোট 1,140 ঘন্টা পর্যন্ত) রয়েছে** |

## স্কুলের আগে ও পরে চাইল্ড কেয়ারের ব্যবস্থা কী?

আপনি যদি Tax-Free Childcare অথবা Universal Credit Childcare-এর জন্য যোগ্য হন, তবে আপনি স্কুলের আগে ও পরের চাইল্ড কেয়ার খরচের অর্থ প্রদানে সাহায্য পেতে সাপোর্ট [সহায়তা] ব্যবহার করতে পারেন, এটি ‘wraparound childcare’ ['রাপঅ্যারাউন্ড চাইল্ড কেয়ার'] নামেও পরিচিত।

এর মধ্যে স্কুলের আগে ও পরের সময়ের জন্য নিয়মিত ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে, যা স্কুলে বা অন্য কোন স্থানীয় সেটিংয়ে সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বা তার পরেও চলে।

আরও বেশি কর্মজীবী পরিবারকে সহায়তা করার জন্য 2024 সালের সেপ্টেম্বর মাস থেকে ইংল্যান্ডের প্রাথমিক বিদ্যালয়ে অধ্যায়নরত শিশুদের মা-বাবারা 'wraparound childcare'-এর সংখ্যা বৃদ্ধি হওয়ার আশা করতে পারেন।

আরও তথ্য জানতে, আপনার সন্তানের স্কুল বা আপনার স্থানীয় কর্তৃপক্ষের Family Information Service-এর [ফ্যামিলি ইনফরমেশন সার্ভিস] সাথে কথা বলুন।

## আপনার সন্তানের চাইল্ড কেয়ারের অর্থ প্রদানে সহায়তা নিন

চাইল্ড কেয়ারের ব্যয় পরিবারের বাজেটের উপর চাপ সৃষ্টি করতে পারে, তবে এখন প্রাপ্তব্য বিদ্যমান সরকারী সহায়তা আপনাকে  সাহায্য করতে পারেঃ

**15 hours childcare:**
ইংল্যান্ডের সকল পরিবারের 3 ও 4 বছর বয়সী শিশুদের জন্য **15 hours childcare-এর ব্যবস্থা রয়েছে, যা** প্রতি বছরে 38 সপ্তাহের জন্য দেওয়া হয়।

**30 hours childcare:** ইংল্যান্ডের সকল যোগ্য কর্মজীবী মা-বাবার 3 ও 4 বছর বয়সী শিশুদের জন্য **30 hours childcare-এর ব্যবস্থা রয়েছে, যা প্রতি বছরে 38 সপ্তাহের জন্য দেওয়া হয়।**

**Tax-Free Childcare:** যে সব উপযুক্ত কর্মজীবী মা-বাবার 11 বছর বা 11 বছরের কম বয়সী সন্তান রয়েছে, তারা তাদের প্রতিটি সন্তানের চাইল্ড কেয়ারের খরচ বাবদ প্রতি বছর £2,000 পর্যন্ত পেতে পারেন, অথবা 16 বছর বা 16 বছরের কম বয়সী প্রতিবন্ধী প্রতি সন্তানের জন্য £4,000 পেতে পারেন।

**Universal Credit Childcare: যুক্তরাজ্যের যোগ্য কর্মজীবী মা-বাবারা তাদের 0-16 বছর বয়সী শিশুদের জন্য চাইল্ড কেয়ার বাবদ খরচের 85% পর্যন্ত ফেরত পাওয়ার দাবি করতে পারেন।** এছাড়াও, যে সব যোগ্য মা-বাবা নূতন চাকরি শুরু করেছেন বা তাদের কাজের কর্মঘন্টা বাড়িয়েছেন, তারা তাদের সাহায্যের জন্য ইউনিভার্সাল ক্রেডিটের অগ্রিম তহবিলে অ্যাক্সেস করতে পারেন।

## এবং আপনি কী জানেন..?

- আপনি অন্যান্য Childcare schemes [চাইল্ড কেয়ার স্কিম], যেমন - Tax-Free Childcare অথবা Universal Credit Childcare-এর পাশাপাশি আপনার 15/30 ঘণ্টা ব্যবহার করতে পারেন।
- আপনি প্রতিদিন দুটি পৃথক চাইল্ড কেয়ার প্রদানকারীর কাছে আপনার ঘন্টাগুলো ব্যবহার করতে পারেন এবং নার্সারি, চাইল্ডমাইন্ডার এবং প্রিস্কুল সহ বিভিন্ন চাইল্ড কেয়ার প্রদানকারী ঘন্টা গ্রহণ করবে।
- কিছু চাইল্ড কেয়ার প্রদানকারী ঘন্টা ব্যবহারের ক্ষেত্রে আরও নমনীয়তা হতে পারে। তারা সপ্তাহের নির্ধারিত চাইল্ড কেয়ারের ঘণ্টা কমিয়ে কেয়ার করতে পারে এবং ঐ সঞ্চিত ঘণ্টা সারা বছর ব্যাপী 'প্রসারিত' করে আপনাকে ব্যবহারের সুযোগ দিতে পারে।
- আপনার যদি নতুন সন্তান জন্ম নেয়, তবে আপনি চাইল্ড বেনিফিটের জন্য অনলাইনে আবেদন করতে পারেন। আরও তথ্য জানতে ও আবেদন করতে ভিজিট করুনঃ gov.uk/child-benefit
- আপনি নিম্নোক্ত Help for Households map [পরিবারের জন্য সহায়তার মানচিত্র] ব্যবহার করে আপনার কাছাকাছি বিনামূল্যে ও সাশ্রয়ী মূল্যের family events খুঁজে পেতে পারেনঃ **bit.ly/h4hmap**.
- আপনি অনুসন্ধান করে আর্থিক সহায়তার বৃহত্তর ক্ষেত্র সম্পর্কে আরও জানতে পারবেন **Help for Households.**

**এরপর** কী করতে হবে

| আপনি বর্তমান ও ভবিষ্যতে কী ধরণের সহায়তার জন্য যোগ্য হতে পারেন এবং কখন আবেদন করলে উত্তম হবে, তা যাচাই করতে ভিজিট করুনঃ childcarechoices.gov.uk | | |
|---|---|---|
| **15/30 hours childcare** | **Tax-Free Childcare** | **Universal Credit Childcare** |
| 1 এপ্রিল থেকে আপনার সন্তানের চাইল্ড কেয়ার শুরু করার জন্য 31শে মার্চের মধ্যে, 1 সেপ্টেম্বর থেকে চাইল্ড কেয়ার শুরু করার জন্য 31শে আগস্টের মধ্যে, অথবা 1 জানুয়ারী থেকে চাইল্ড কেয়ার শুরু করার জন্য 31শে ডিসেম্বরের মধ্যে আপনার সন্তানের চাইল্ড কেয়ারের কোড পেতে gov.uk -তে উল্লেখিত পদক্ষেপগুলো অনুসরণ করুন; এটি আপনার সন্তানের প্রাসঙ্গিক বয়সের সাথে সামঞ্জস্য রেখে করবেন। | **Tax-Free Childcare [ট্যাক্স-ফ্রি চাইল্ড কেয়ার] একাউন্ট তৈরি করতে gov.uk-তে উল্লেখিত পদক্ষেপগুলো অনুসরণ করুন** | আপনার উপযুক্ততা পরীক্ষা করতে **Universal Credit Childcare Costs** অনুসন্ধান করুন |
| আপনি যদি ইতিপূর্বে কোন চাইল্ড কেয়ার প্রদানকারী ব্যবহার না করে থাকেন বা বিদ্যমান চাইল্ড কেয়ার প্রদানকারী পরিবর্তন করতে চান, তবে আপনার জন্য সঠিক চাইল্ড কেয়ার প্রদানকারীর সন্ধান করুন এবং তারা 15/30 ঘন্টা চাইল্ড কেয়ার করবে কিনা, তা জেনে নিন। | আপনার যদি চাইল্ড কেয়ারের জন্য উপযুক্ত একাধিক সন্তান থাকে, তবে প্রতিটি সন্তানের জন্য একটি একাউন্ট তৈরি করুন | আপনার বিভিন্ন অপশন সম্পর্কে জানার জন্য আপনার ওয়ার্ক কোচের সাথে যোগাযোগ করুন |
| আপনার কোডটি আপনার চাইল্ড কেয়ার প্রদানকারীকে দিন। | এরপর প্রতিটি সন্তানের আমানতে সরকারী টপ-আপ প্রয়োগ করা হয়, এটি পরিবারের জন্য নয় | আপনি অন্য কোন ধরণের সরকারী সহায়তার জন্য যোগ্য কিনা, তা যাচাই করতে আপনার স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন |
| সরকারী সহায়তা পাওয়া অব্যাহত রাখতে হলে আপনার gov.uk-এর একাউন্টে আপনার বিবরণ প্রতি তিন মাস পর পর পুনরায় নিশ্চিত করুন। | | |

আরও জানতে **QR code** [কিউআর কোডটি] স্ক্যান করুন বা **Childcare Choices** [চাইল্ড কেয়ার চয়েস]-এর অনুসন্ধান করুন

Childcare Choices